দৈনিক ইত্তেফাক

তারিখ 2 1 AUG 1993
পৃষ্ঠা ১ কলাম ২

18

# আলিয়া মাদ্রাসা খুলিয়া দেওয়ার আহ্বান

দেশের ১০১ জন বিশিষ্ট আলেম গতকাল (শুক্রবার) এক যুক্ত বিবৃতিতে সুষ্ঠু ব্যবস্থা নিশ্চিত করিয়া অবিলম্বে আলিয়া মাদ্রাসা খুলিয়া দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানাইয়াছেন। বিবৃতিতে বলা হয়, একটি সন্ত্রাসী দল সরকারী দলের

(শেষ পৃ: ৭-এর কং দ্রঃ)

## আলিয়া মাদ্রাসা

( ১ম পৃঃ পর )

ছদ্মাবরণে ঐ মাদ্রাসার কৃতি ছাত্র হত্যাসহ দীর্ঘদিন যাবৎ মাদ্রাসা ক্যাম্পাস, মাদ্রাসা বোর্ড ও বকশি-বাজার এলাকায় ছিনতাই, চাঁদাবাজি ও সন্ত্রাসী তৎপরতা চালাইতেছে। সন্ত্রাসীরা গত বৃহস্পতিবার বোর্ডের কাজে আগত জনৈক মাওলানার দাঁত ভাঙ্গিয়া দেয় ও তাহার নিকট হইতে জরুরী কাগজপত্রসহ ২৫০০ টাকা ছিনাইয়া নেয়। সন্ত্রাসীদের হাতে বহু লোক আহত হইয়াছে। আলেমগণ এইসব সন্ত্রাসীর বিরুদ্ধে অবিলম্বে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানাইয়াছেন। বিবৃতিদানকারী আলেমগণের মধ্যে রহিয়াছেন, মাওলানা এ কিউ এম সিফাতুল্লাহ, মাওলানা জয়নুল আবেদীন, মাওলানা আবুল কালাম আজাদ, মাওলানা আবদুস সোবাহান ও মাওলানা এ টি এম মাসুম।

গতকাল মানব কল্যাণ সোসাইটি বাংলাদেশের এক প্রেস বিজ্ঞপ্তিতে আলিয়া মাদ্রাসায় বিরোধী ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষের নিন্দা করা হয়। দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তিদানের এবং ঐ শিক্ষা প্রতিষ্ঠানে শান্তি শৃংখলা ফিরাইয়া আনার ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের প্রতি আহ্বান জানান হইয়াছে।